26শে মার্চ

2006

ধূমপানের বিষয়ে নতুন আইনের জন্য প্রস্তুত হতে আপনার ব্যবসায় বা সংগঠনকে সাহায্য করা।

নিয়োগকর্তা, ব্যবস্থাপক এবং প্রাঙ্গণের ভারপ্রাপ্ত ব্যক্তিদের জন্য পথনির্দেশ।

নতুন ধূমপান আইনের বিষয়ে মূল তথ্যাবলী

- স্মোকিং, হেল্থ এন্ড সোশাল কেয়ার (স্কটল্যান্ড) অ্যাক্ট 2005 (ধূমপান, স্বাস্থ্য এবং সামাজিক সেবা (স্কটল্যান্ড) আইন 2005) (Smoking, Health and Social Care (Scotland) Act 2005) এবং প্রহিবিশন অফ স্মোকিং ইন সার্টেন প্রেমিসেস (স্কটল্যান্ড) রেগুলেশনস 2006 (কোনো কোনো প্রাঙ্গণে ধূমপান নিষেধ (স্কটল্যান্ড) বিধি 2006 (Prohibition of Smoking in Certain Premises (Scotland) Regulations 2006) 2006 সালের 26 শে মার্চ ভোর ছ'টা থেকে বলবৎ হবে। প্যাসিভ স্মোকিং[1] (অন্যের ধূমপানের ধোঁয়ার শ্বাস নেওয়া)-এর ফলে যে রোগের উৎপত্তি তার থেকে জীবনরক্ষা এবং উদ্ভূত রোগ নিবারণ করার জন্যে এই আইন চালু করা হচ্ছে।

- 2006 সালের 26 শে মার্চ, সকাল 6 টার সময় আপনাকে, আপনার কর্মচারী, গ্রাহক এবং দর্শকদের আপনার ব্যবসা বা সংগঠনের প্রাঙ্গণে ধূমপান করতে দেওয়া হবে না, যদি এই স্থানগুলি সম্পূর্ণভাবে বা পর্যাপ্তভাবে ঘেরা বা বেষ্টিত স্থান[2] হয়। এর মধ্যে পূর্বের মনোনীত 'স্মোকিং -রুমও' অন্তর্ভুক্ত।

- ধূমপান নিষেধের ক্ষেত্রে খুব কমই রেহাই আছে। নতুন আইনের ফলে জনসাধারণের অধিকাংশ ব্যবহারযোগ্য প্রাঙ্গণের ওপর প্রভাব পড়বে যার মধ্যে চাকুরীস্থল ও চাকুরীর উদ্দেশ্যে ব্যবহৃত পরিবহনও অন্তর্ভুক্ত আছে।

- আইন মেনে চলতে ব্যর্থ হলে তা ফৌজদারী অপরাধ বলে গণ্য হবে। যে প্রাঙ্গণে ধূমপান নিষেধ সেখানে কোনো লোক ধূমপান করলে 50 পাউন্ডের স্থিরীকৃত জরিমানা ধার্য করা হবে। ধূমপান নিষেধযুক্ত প্রাঙ্গণের ভারপ্রাপ্ত ম্যানেজার বা ব্যক্তিকে 200 পাউন্ডের স্থিরীকৃত জরিমানা করা বা অর্থদন্ড দেওয়া হবে ঃ

  – যে স্থানে ধূমপান নিষেধ সেখানে অন্যদের ধূমপান করতে অনুমতি দেবার জন্য

  – অথবা, যে স্থানে ধূমপান নিষেধ সেখানে সতর্কবাণী সম্বলিত নোটিস প্রদর্শন করে রাখতে ব্যর্থতার জন্য

  জরিমানা দিতে অস্বীকার করলে বা ব্যর্থ হলে তার পরিণাম হবে আদালতে মামলা বা 2,500[3] পাউন্ড পর্যন্ত জরিমানা।

- কর্মচারীরা, গ্রাহকরা, সদস্যরা এবং দর্শকরা যাতে নতুন আইন মেনে চলে তা সুনিশ্চিত করার জন্যে আপনার ব্যবসা বা সংগঠনকে ব্যবস্থা নিতে হবে।

- স্থানীয় কাউন্সিলের অনুমোদিত অফিসাররা আইনটি বলবৎ করবেন এবং ব্যবসা সংস্থাগুলিকে সহায়তা করবেন।

যদি আপনি আরও কিছু জানতে চান, তাহ'লে www.clearingtheairscotland.com দেখুন অথবা পেছনের মলাটে দেওয়া বিশদ তথ্য ব্যবহার করে এক্জিকিউটিভস টোবাকো কনট্রোল টিমের সঙ্গে যোগাযোগ করুন। আপনার স্থানীয় কাউন্সিলে আইন বলবৎকারী অনুমোদিত অফিসারদের সঙ্গে যোগাযোগ করা যাবে (আপনার স্থানীয় টেলিফোন ডাইরেক্টরিতে যার বিশদ বিবরণ পাওয়া যাবে)।

---

[1] প্যাসিভ স্মোকিং মানে অন্যান্য ব্যক্তির তামাকু সেবনের ধোঁয়া শ্বাসের সঙ্গে গ্রহণ করা। অন্যান্য লোকের তামাকের ধোঁয়া, সেকেন্ড হ্যান্ড স্মোক (second-hand smoke) বা এনভায়রনমেন্টাল টোবাকো স্মোক (Environmental Tobacco Smoke) (ETS) নামেও পরিচিত।

[2] জনস্থান, যার মধ্যে কর্মস্থলও অন্তর্ভুক্ত, যেখানে ছাদ আছে এবং চারপাশের 50 শতাংশেরও বেশী জায়গায় দেওয়াল আছে।

[3] যেখানে নির্দিষ্ট পেনাল্টি নোটিস দেওয়া হয়েছে এবং ব্যক্তিটি পেনাল্টি (জরিমানা) দিতে ব্যর্থ হয়েছে সেখানে অথবা নির্দিষ্ট পেনাল্টি নোটিস রুটের বদলে মামলা দায়ের করার চেষ্টা করা যায়।

বিষয়সূচী

ভূমিকা	4
কেন আমরা নতুন আইনটি চালু করছি	4
স্থানগুলি যেখানে নতুন আইন প্রযোজ্য হবে	5
যেসব স্থানকে অন্তর্ভুক্ত করা হয় নি	5
নতুন আইন কিভাবে মেনে চলা হবে	6
প্রাঙ্গণের জন্য ধূমপান নিষেধ সংকেত বা প্রতীকচিহ্ন	6
যানবাহনের জন্য ধূমপান নিষেধ সংকেত বা প্রতীকচিহ্ন	7
সেইসব স্থান যেখানে কর্মচারীবৃন্দ এবং গ্রাহকরা ধূমপান করতে পারবেন	7
কেউ যদি ধূমপান নিষেধ অগ্রাহ্য করে তাহলে কি করণীয়	8
নতুন ধূমপান আইন বলবৎ করা	9
ধূমপান-মুক্ত নীতি	9
পরিশিষ্ট A	11
পরিশিষ্ট B	13
পরিশিষ্ট C	14

ভূমিকা

2006 সালের 26 শে মার্চ স্কটল্যান্ডে ধূমপান আইন বদলে যাবে। ওই দিনটি থেকে স্কটল্যান্ডের কতগুলি নির্দিষ্ট, জনসাধারণের ব্যবহারযোগ্য, পূর্ণতঃ বা পর্যাপ্তভাবে বেষ্টিত স্থানে ধূমপানের অনুমতি দেওয়া হবে না, উদাহরণস্বরূপ কর্মস্থলে। এই ব্রশিওরে, নিয়োগকর্তাদের জন্যে, ম্যানেজারদের জন্য এবং কর্মস্থল ও জনস্থানের ভারপ্রাপ্ত ব্যক্তিদের জন্য নতুন আইনটির বিষয়ে তথ্য ও পরামর্শ দেওয়া হবে - যে সব স্থানের মধ্যে অনুমতিপ্রাপ্ত প্রাঙ্গণ যেমন হোটেল, বার, সমস্তরকমের ক্লাব, কাফে এবং রেস্তোরাঁ অন্তর্ভুক্ত।

উদ্দেশ্য হল সুনিশ্চিত করা প্রত্যেক ব্যবসাস্থল এবং জনসাধারণের ব্যবহারযোগ্য স্থান যেন আইন মেনে চলে যখন 2006 সালের 26 শে মার্চ ভোর ছ'টার সময় ধূমপানের ওপর নিষেধাজ্ঞা বলবৎ হবে।

ব্যবসাসংস্থাগুলির সঙ্গে পরামর্শের পর এই ব্রশিওর প্রস্তুত করা হয়েছে। কিন্তু, অনুগ্রহ ক'রে মনে রাখবেন যে, এটা শুধু পথনির্দেশের জন্যই। আপনার আইনগত কর্তব্য সম্বন্ধে যদি আপনার কোনো সন্দেহ থাকে তাহলে আপনাকে আপনার স্বতন্ত্র আইনী পরামর্শ নেবার জন্য উপদেশ দেওয়া হচ্ছে।

কেন আমরা এই নতুন আইন চালু করছি

স্কটিশ পার্লামেন্ট, প্যাসিভ স্মোকিং-এর ক্ষতিকর প্রভাব থেকে স্কটল্যান্ডের লোকেদের রক্ষা করার জন্যে এই নতুন আইন পাস করেছে।

সাইন্টিফিক কমিটি অন টোবাকো এন্ড হেল্থ (তামাক এবং স্বাস্থ্যের ওপর বিজ্ঞানসম্মত কমিটি) 2004 সালে প্যাসিভ স্মোকিং এর ওপর সাক্ষ্যপ্রমাণ পুনরীক্ষণ করেছিল। তারা দেখল যে এর থেকে জনস্বাস্থ্যের ওপর গুরুতর বিপদের ঝুঁকি রয়েছে - এর ফলে প্রাপ্তবয়স্কদের মধ্যে ফুসফুসের ক্যানসার, হৃদরোগ এবং শ্বাসক্রিয়াজনিত অসুখের ঝুঁকি বেড়ে যায়, আর বাচ্চাদের মধ্যে নানা ধরণের রোগের সৃষ্টি হয়।

অনেক লোকেরা ভেবে নেয় যে প্যাসিভ স্মোকিং-এর সঙ্গে যে স্বাস্থ্য নষ্ট হবার ঝুঁকি রয়েছে তা যথাযথ হাওয়া চলাচল ব্যবস্থা (ভেন্টিলেশন) থাকলে দূর করা যায়। কিন্তু প্রকৃত প্রমাণে দেখা গেছে যে হাওয়া চলাচল ব্যবস্থা শুধুমাত্র ধূমপানের গন্ধ আর দৃশ্যটিকে দূরীভূত করে - এর বিষাক্ত কারসিনোজেনগুলি (carcinogens) থেকেই যায়। সেকেন্ড হ্যান্ড ধূমপানের সামনে আপনার অনাবৃত অবস্থার যেহেতু কোনো নিরাপদ স্তর নেই, হাওয়া চলাচল ব্যবস্থাটি কোনো ঐচ্ছিক নয়।

যে সব স্থানগুলিতে নতুন আইনটি প্রযোজ্য হবে

যেসব স্থান ‘‘পূর্ণতঃ বা পর্যাপ্তভাবে বেষ্টিত’’, জনসাধারণের ব্যবহারযোগ্য সেইসব স্থানে আইনটি ধূমপানের ওপর নিষেধধাজ্ঞা জারী করে। এটা এমন একটি স্থান যার ছাদ বা সিলিং আছে - দরজা, জানালা বা চলার পথ ছাড়া - পুর্ণতঃ বেষ্টিত (স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে); অথবা বেষ্টিত স্থান খানিকটা উন্মুক্ত যার আকার দেওয়ালগুলি যতটা স্থান বেষ্টন করে আছে তার অর্দ্ধেকেরও কম। এর মানে পূর্ব মনোনীত ‘স্মোকিং রুম’ (ধূমপানের ঘর) রাখার আর অনুমতি দেওয়া হবে না।

ব্যবসার কাজে ব্যবহৃত যানবাহনও এই নতুন আইনের দ্বারা প্রভাবিত হবে। এই যানবাহনের মধ্যে হালকা ও ভারী মালবহনকারী যান, জনপরিবহন যেমন, ট্যাক্সি, বাস, ট্রেন এবং ফেরীও অন্তর্ভুক্ত। কিন্তু যদি আপনি গাড়ী ব্যবহার করেন, (আপনার নিজের বা কোম্পানীর গাড়ী) কাজের উদ্দেশ্যে, তাহ’লে সেটি রেহাই পাবে।

যে সব প্রাঙ্গণ পূর্ণভাবে বা যথেষ্টভাবে ঘেরা, এবং যেগুলিকে নতুন আইনের অধীনে ‘ধূমপান নিষেধ প্রাঙ্গণ’ বলা হবে, তাদের তালিকা পরিশিষ্ট B-তে সম্পূর্ণভাবে দেওয়া হল।

যেসব স্থানকে অন্তর্ভুক্ত করা হয় নি

নতুন আইনে কয়েকটিই মাত্র রেহাই আছে। এগুলিকে পরিশিষ্ট C -তে সম্পূর্ণভাবে তালিকাবদ্ধ করা হয়েছে।

কেয়ার (সেবা) সেক্টরে সেইসব প্রাঙ্গণের জন্য আরও পথনির্দেশ দেওয়া হবে যেগুলি রেহাই পেয়েছে। এর ফলে সুনিশ্চিত করা যাবে যে ধূমপানের জন্য সুষ্ঠু নীতি বজায় আছে আর ধূমপানের জন্য সেইসব ‘‘ডেসিগনেটে রুম বা মনোনীত কামরা’’ শুধুমাত্র মানবিকতার কারণেই ব্যবহৃত হয় - যাতে ধূমপানে অনভ্যস্ত রুগী, দর্শক এবং কর্মচারীদের অকারণে সেকেন্ড হ্যান্ড ধূমপানের শিকার না হতে হয়।

কেয়ার সেক্টরে মালিক এবং ম্যানেজারদের, কোনো ঘরকে যখন তারা ‘‘ধূমপানের ঘর’’ বলে অভিহিত করবেন তখন আইনের অন্তর্গত (পরিশিষ্ট A) ‘‘ডেসিগনেটের রুম’’ -এর সংজ্ঞা মন দিয়ে বিবেচনা করার জন্য পরামর্শ দেওয়া হয়েছে, যাতে তারা সুনিশ্চিত করতে পারেন যে তারা আইন মেনে চলছেন।

হোটেল, বোর্ডিং হাউস, সরাইখানা, হোস্টেল ইত্যাদি - যেখানে অন্ততঃ দুটি অ্যাপার্টমেন্ট অতিথিদের শোবার জন্য আলাদা রাখা আছে, সেখানে ইচ্ছা করলে, এক বা ততোধিক শোবার ঘরকে ধূমপানের জন্য ব্যবহার করতে পারা যায়। আবার, মালিক এবং ম্যানেজাররা যত্নসহকারে পরিশিষ্ট A -তে বলা ‘মনোনীত হোটেল শোবার ঘরের’ সংজ্ঞা বিবেচনা করবেন যাতে তারা আইনগত আবশ্যকীয়তা মেনে চলতে পারেন।

যে সব প্রাঙ্গণ নতুন আইনের আওতা থেকে রেহাই পেয়েছে, তাদের মালিকদের, যদি তারা না করতে চান তাহ’লে ধূমপানের জন্য মনোনীত এলাকার ব্যবস্থা করার কোনো আইনগত বাধ্যবাধকতা নেই।

নতুন আইন কেমন ক'রে মেনে চলবেন

2006 সালের 26 শে মার্চ সকাল 6 টা থেকে, স্কটল্যান্ডে সমস্ত ব্যবসা প্রতিষ্ঠান এবং সংগঠনগুলিকে. যেগুলি এই আইনের আওতায় পড়ছে, 'যুক্তিসম্মত প্রতিকারমূলক ব্যবস্থা' নিতে হবে যাতে সুনিশ্চিত করতে পারা যায় যে কর্মচারী, গ্রাহক এবং অন্যান্য অতিথিরা তাদের প্রাঙ্গণে ধূমপান করেন না ।

আমরা নিম্নলিখিত ন্যূনতম ব্যবস্থাগুলি করার জন্য আপনাকে সুপারিশ করছি ঃ

- আবশ্যকীয় 'ধূমপান নিষেধ' চিহ্নটি এমনভাবে প্রদর্শন করবেন যাতে কর্মচারী, গ্রাহক এবং দর্শক / অতিথিরা সচেতন থাকেন যে তাদের আইন মেনে চলতেই হবে।
- সমস্ত ছাইদানিগুলো (অ্যাশট্রে) সরিয়ে ফেলুন।
- কর্মচারীদের সঙ্গে ধূমপান মুক্ত নীতি তৈরী করুন এবং তা কাজে প্রয়োগ করুন যাতে সহমত সম্পন্ন প্রক্রিয়া দ্বারা কর্মচারী, গ্রাহক এবং সদস্যদের, ইত্যাদি, নীতি লঙ্ঘনের মোকাবিলা করা যায়। (পৃষ্ঠা 13 দেখুন)।
- যিনিই ধূমপান করছেন তাকে জানান যে তিনি অপরাধ করছেন।
- তাদের অনুরোধ করুন যে তারা তাদের ধূমপানের বস্তুটি যেন অবিলম্বে নিভিয়ে ফেলে অথবা স্থানত্যাগ করে।
- যে সব ব্যক্তি আইনের বিরুদ্ধে গিয়ে ধূমপান করছেন তাদের পরিষেবা দিতে অস্বীকার করুন (যদি আপনার ব্যবসাতে গ্রাহক অথবা সদস্যদের জন্য পরিষেবাদানের ব্যবস্থা থাকে)।

প্রাঙ্গণের জন্য ধূমপান নিষেধ চিহ্ন

এই নিষেধাজ্ঞার আওতাধীন যে কোনো প্রাঙ্গণে, আইনানুসারে আপনাকে 'ধূমপান নিষেধ' চিহ্ন রাখতে হবে, যাতে যে সব ব্যক্তি প্রাঙ্গণে রয়েছেন বা যে সব ব্যক্তি প্রাঙ্গণে আসছেন তারা চিহ্নগুলি দেখতে পান ও পড়তে পারেন। এই চিহ্নগুলিকে স্পষ্টরূপে প্রদর্শন করতে হবে এবং এই চিহ্নগুলিকে কাটাকুটি করা, নষ্ট করা, সরিয়ে ফেলা, বা লুকিয়ে রাখার হাত থেকে রক্ষা করতে হবে।

প্রাঙ্গণে চিহ্ন সংক্রান্ত ন্যূনতম আবশ্যকতা হল একটি 'ধূমপান নিষেধ' নোটিস যেটা ঃ

- আকারে অন্ততঃ 230 মিমি x 160 মিমি।
- যেটিতে বলা আছে যে প্রাঙ্গণটি ধূমপান নিষেধ প্রাঙ্গণ এবং এখানে ধূমপান করা বা জেনেশুনে ধূমপানের অনুমতি দেওয়া অপরাধ বলে গণ্য হবে।
- আন্তর্জাতিক ধূমপান নিষেধ চিহ্নটি প্রদর্শন করবে, যার অন্ততঃ 85 মিমি ব্যাস আছে।
- সেই ব্যক্তির নাম লেখা থাকবে, যার কাছে কোনো ব্যক্তি, অন্য আর একজনকে ধূমপান করতে দেখলে, অভিযোগ করতে পারবেন।

ম্যানেজার (ব্যবস্থাপক) বা ভারপ্রাপ্ত ব্যক্তিই স্থির করবেন কতগুলি নোটিস দেওয়া দরকার যাতে সুনিশ্চিত করা যায় যে প্রত্যেকে সচেতন থাকবেন যে এই প্রাঙ্গণে ধূমপানের অনুমতি নেই। যদি আপনি স্থির করেন যে আপনার একাধিক 'ধূমপান নিষেধ' নোটিসে প্রয়োজন, তাহ'লে অতিরিক্ত নোটিসগুলিতে ঃ

- বলা থাকবে যে প্রাঙ্গণটিতে ধূমপান নিষেধ, এবং সেখানে ধূমপান করলে বা জেনেশুনে ধূমপান করতে অনুমতি দিলে তা অপরাধ বলে গণ্য হবে।
- আন্তর্জাতিক ''ধূমপান নিষেধ'' চিহ্ন দেখানো থাকবে, যার ব্যাস অন্ততঃ 85 মিমি।

যানবাহনের জন্য ধূমপান নিষেধ চিহ্ন

আপনাকেও, আইনানুসারে, নিষেধাজ্ঞার আওতায় পড়া যানবাহনে 'ধূমপান নিষেধ' চিহ্ন এমনভাবে প্রদর্শন করতে হবে যাতে গাড়ীতে থাকা ব্যক্তিরা এবং গাড়ীর দিকে আসা ব্যক্তিরা চিহ্নটি দেখতে পান ও পড়তে পারেন। যানবাহন বলতে ট্রেন, বাস, ট্যাক্সি, প্রাইভেট ভাড়া গাড়ী এবং যে কোনো যান, নৌকা অথবা হোভারক্রাফ্ট বোঝাবে। এই চিহ্নগুলির আকার আইনগতভাবে নির্ধারিত হবে না, কিন্তু তাও চিহ্নগুলির কতগুলি আবশ্যক বৈশিষ্ট্য থাকবে।

আইনানুসারে, প্রাসঙ্গিক যানের ক্ষেত্রে, ন্যূনতম চিহ্নসংক্রান্ত আবশ্যকতা হ'ল 'ধূমপান নিষেধ' নোটিস যেটাতে ঃ

- বলা থাকবে যে যানটিতে ধূমপান নিষেধ এবং সেখানে ধূমপান করা বা জ্ঞানতঃ ধূমপান করতে অনুমতি দেওয়া অপরাধ বলে গণ্য হবে।
- আন্তর্জাতিক 'ধূমপান নিষেধ' প্রতীক চিহ্ন দেখানো থাকবে।
- কোনো পদাধিকারীর কথা বলা থাকবে (অর্থাৎ ম্যানেজার) যার কাছে কেউ, অন্য কাউকে ধূমপান করতে দেখলে অভিযোগ জানাতে পারবে।

চিহ্ন সংক্রান্ত নমুনার কপি www.clearingtheairscotland.com থেকে ডাউনলোড করা যাবে। অবশ্য, ইচ্ছা করলে আপনি আপনার নিজের চিহ্ন তৈরী করতে পারবেন, কিন্তু সুনিশ্চিত করবেন যে আইন অনুসারে চলার জন্য উপরোক্ত আবশ্যকতা যেন সেই চিহ্নতে মেনে চলা হয়।

যেসব এলাকায় কর্মচারী বা গ্রাহক ধূমপান করতে পারবেন

আপনি যদি আপনার কর্মচারী বা গ্রাহকদের জন্য বাইরে ধূমপানের এলাকার ব্যবস্থা করতে চান, তাহ'লে আপনি আপনার কর্মচারীদের সঙ্গে আলোচনা করবেন, তারপর আইনগত এবং স্থানীয় পরিকল্পনা সংক্রান্ত পরামর্শ নেবেন যাতে সুনিশ্চিত করা যায় আপনার প্রস্তাব আইনানুযায়ী হয়েছে। বাইরে এধরণের কোনো ধূমপান এলাকার পরিকল্পনা করার সময় দয়া ক'রে ''সম্পূর্ণভাবে বা যথেষ্টভাবে বেষ্টিত এলাকার'' সংজ্ঞাটি মনে রাখবেন - যার ফলে বোঝা যাবে পরিশিষ্ট A তে বলা আইনটি এতে প্রযোজ্য কি না।

যেখানে বাইরে কোনো ধূমপানের এলাকার ব্যবস্থা করা হচ্ছে না, এবং কর্মচারীদের এবং / অথবা গ্রাহকদের ধূমপান করতে হলে প্রাঙ্গণের বাইরে যেতে হবে, আপনি হয়ত বাইরে প্রবেশ পথে বা নির্গমপথে সিগারেটের টুকরো ফেলার পাত্রের (স্টাবিং আউট বিন) ব্যবস্থা করতে চাইবেন, যাতে আবর্জনার পরিমাণ ন্যূনতম হয়।

এইসব ব্যক্তিদের নিরাপত্তা সুনিশ্চিত করাতে সাহায্য করার জন্য চিন্তা করার প্রয়োজন আছে, উদাহরণস্বরূপ যদি ধূমপানের জন্য বাইরের কোনো স্থানকে ব্যবহার করা হয় যে স্থানটি নির্জন এবং যেখানে যথেষ্ট আলোর ব্যবস্থা নেই। আপনার স্থানীয় সমাজ নিরাপত্তা অফিসার আপনাকে উপদেশ দিতে পারবেন। আপনার স্থানীয় পুলিস হেড কোয়ার্টারের মাধ্যমে তাদের সঙ্গে যোগাযোগ করা যাবে।

যদি কেউ ধূমপানের উপর নিষেধাজ্ঞাকে অবজ্ঞা করে তাহলে কি করতে হবে

আমাদের এই বিশ্বাস আছে যে জনসাধারণের বৃহদাংশ ধূমপানের ওপর নতুন আইনকে সম্মান করবে। কিন্তু এটা জানা আপনার জরুরী যে যদি কেউ ধূমপান করতে থাকে তাহলে আপনার কি করা উচিত ঃ

- 'ধূমপান নিষেধ' চিহ্নের দিকে সেই ব্যক্তির মনোযোগ আকর্ষণ করুন এবং তাকে মনে করিয়ে দিন যে সে অপরাধ করছে। তাকে ভদ্রভাবে ধূমপান বন্ধ করতে বলুন।
- ব্যক্তিটিকে পরামর্শ দিন যে (মালিক, ম্যানেজার, ইত্যাদি হিসাবে) কাউকে ধূমপান করতে দিলে তা আপনারও অপরাধ বলে গণ্য হবে।
- তাকে বুঝিয়ে বলুন যে ব্যবসায়ের একটি ধূমপান - বন্ধ নীতি আছে যাতে সব কর্মচারী ও গ্রাহকদের জন্য নিরাপদ কর্মপরিবেশ তৈরী করা যায়।

যে ব্যক্তি ধূমপান করছে সে যদি কর্মচারী হয় ঃ

- যদি আপনার সাবধানবাণীকে অবজ্ঞা করা হয়, তৎক্ষণাৎ তাকে বলুন প্রাঙ্গণ ছেড়ে চলে যেতে (এবং প্রাসঙ্গিক ক্ষেত্রে তাকে বলুন যে সে কোথায় ধূমপান করতে পারবে)।
- যদি ব্যক্তিটি অস্বীকার করে, তাহলে কর্মস্থলে সমাজবিরোধী/বেআইনী আচরণের জন্য আপনার স্বাভাবিক শাস্তিমূলক ব্যবস্থা প্রয়োগ করুন।
- এই সমস্ত ঘটনা এবং এর পরিণামের একটি রেকর্ড রাখুন।

যদি ধূমপায়ী ব্যক্তিটি গ্রাহক হনঃ

- বুঝিয়ে বলুন যে তিনি যদি ধূমপান করতে থাকেন কর্মচারী পরিষেবা দিতে অস্বীকার করবেন।
- যদি গ্রাহক ধূমপান করতে থাকেন, তাকে প্রাঙ্গণ থেকে চলে যেতে বলুন (এবং প্রাসঙ্গিক ক্ষেত্রে কোথায় সে ধূমপান করতে পারে তা বলে দিন)।
- যদি সে অস্বীকার করে, প্রাঙ্গণে সমাজবিরোধী/বেআইনী আচরণের জন্য স্বাভাবিক ব্যবস্থার প্রয়োগ করুন।
- এই সমস্ত ঘটনা ও পরিণামের রেকর্ড রাখুন।

যে সমস্ত ক্ষেত্রে দৈহিক অত্যাচার ও ভয়প্রদর্শনের সম্ভাবনার মুখোমুখি হতে হয়েছে, সে ক্ষেত্রে পুলিসের সহায়তা নিন।

নতুন আইনটি বলবৎ হবার পর একটি ন্যাশনাল কমপ্লায়ান্স লাইন কাজ শুরু করবে। এর জন্য স্থানীয় রেটে দাম ধার্য করা হবে এবং জনসাধারণের ব্যবহারযোগ্য বেষ্টিত স্থানে কেউ ধূমপান করলে তা অন্যরা রিপোর্ট করতে পারবে। আইন বলবৎ হবার আগে নম্বরটির বিজ্ঞাপন দেওয়া হবে, এবং সমস্ত অভিযোগের সত্যতা অনুসন্ধান করা হবে।

নতুন ধূমপান আইন বলবৎ করা

এনভায়রনমেন্ট হেল্থ (পরিবেশগত স্বাস্থ্য) অফিসাররা (Environmental Health Officers), যারা স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা এই কাজ করার জন্য অনুমোদিত হয়েছেন তারা এই আইনটি বলবৎ করবেন। এই অফিসাররা ব্যবসাসংস্থাগুলির সঙ্গে খাদ্যসুরক্ষা এবং স্বাস্থ্য ও নিরাপত্তা (ফুড সেফটি, এন্ড হেল্থ এন্ড সেফটি) বিষয়ে ঘনিষ্ঠভাবে আগে থেকেই কাজ করেন। নতুন ধূমপান আইন বলবৎ করার জন্যে একই ধরণের ব্যবস্থা নেওয়া হবে - ব্যবসাসংস্থাদের, যেখানে সম্ভব, পরামর্শ ও সহায়তা দেওয়া।

অনুমতিপ্রাপ্ত এনফোর্সমেন্ট (আইন বলবৎকরণ) অফিসারদের, আইনটি সমর্থন করা হচ্ছে কি না তা স্থির করার জন্য ধূমপান নিষেধযুক্ত প্রাঙ্গণে প্রবেশ করার ক্ষমতা থাকবে। লোকেদের ধূমপান বন্ধ করার জন্যে প্রাঙ্গণের ভারপ্রাপ্ত ব্যক্তিরা সমস্ত প্রকারের যুক্তিসম্মত প্রতিকারসূচক উপায় গ্রহণ করেছেন কি না তাও তারা নির্দ্ধারণ করবেন।

এনফোর্সমেন্ট অফিসারদের পরিদর্শন প্রো-অ্যাকিটভ (ব্যবসাসংস্থাদের পরামর্শ দেওয়া এবং আইন মেনে চলা হচ্ছে কি না তা সুনিশ্চিত করা), অথবা রি-অ্যাকটিভ (কোনো অভিযোগের প্রতিক্রিয়ায় কাজ করা) হবে। অন্যান্য স্বাস্থ্য ও নিরাপত্তা এবং খাদ্য সুরক্ষা পরিদর্শনের সঙ্গেও এই পরিদর্শন একসাথে করা যেতে পারে।

এনফোর্সমেন্ট অফিসাররা নানাভাবে পরিদর্শন করে থাকেন। এর মধ্যে সেইসব পরিদর্শন অন্তর্ভুক্ত ঃ

- যেখানে প্রাঙ্গণের অবস্থা নিরূপণ করার আগে অফিসাররা নিজেদের উপস্থিতি ঘোষণা করবেন; অথবা
- আরও গোপনভাবে নিরীক্ষণ, যেখানে অফিসাররা পরিস্থিতির ওপর লক্ষ্য রেখে বিচার বিবেচনা করবেন, তারপর নিরীক্ষণ পর্ব শেষ হয়ে গেলে নিজেদের পরিচয় দেবেন।

সমস্ত সময়েই, অফিসাররা বিবাদবিতর্কহীন প্রারম্ভিক রীতি গ্রহণ করার চেষ্টা করবেন।

ধূমপান মুক্ত নীতি

নতুন আইন এবং এর সমস্ত লক্ষণা (ভাবার্থ) মানুষকে বোঝাবার জন্য আপনি যেন লিখিত একটি ধূমপান মুক্ত নীতি প্রস্তুত করেন ও প্রয়োগ করেন তা আমরা জোরালোভাবে সুপারিশ করছি। এই নীতি ঃ

- সংক্ষেপ এবং সহজেবাধ্য হওয়া উচিত।
- ম্যানেজমেন্টের সদস্যদের এবং কর্মচারীদের সনাক্ত করবে যাদের ওপর এই নীতি প্রয়োগের দায়িত্ব ন্যস্ত রয়েছে।
- (আইন) মেনে না চললে কি ব্যবস্থা গ্রহণ করা হবে তা এই নীতি বলবে।
- এই নীতিতে কর্মচারীদের ধূমপান-মুক্ত পরিবেশে কাজ করার অধিকার স্বীকৃত হবে।
- ধূমপান ত্যাগ করার জন্য কিভাবে সাহায্য পেতে হয় সে সম্বন্ধে তথ্য দেবে।
- এই নীতি সব কর্মচারীদের জানানো হবে - বিশেষ করে নতুন এবং পার্ট টাইম কর্মচারীদের কাছে, তারা কাজে যোগ দেবার আগে।

যদি নীতি ভঙ্গ করা হয়, শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত অন্যান্য লঙ্ঘনের ক্ষেত্রে যেমন, এক্ষেত্রে সেই একই ব্যবস্থা নেওয়া উচিত। কর্মচারীদের, কর্মসংক্রান্ত শর্তের কোনো পরিবর্তন করতে হলে 12 সপ্তাহের নোটিস দিতে হবে।

নীতিতে কি কি অন্তর্ভুক্ত করা উচিত সে সম্পর্কে আপনার ধারণা তৈরী করার জন্যে পরের পৃষ্ঠায় একটি সহজবোধ্য কপি আছে। এই প্যাকের সঙ্গে নীতিসমূহের খালি কপিও দেওয়া হল। এটা পূরণ করা চলবে এবং আপনার নিজের ব্যবসা বা সংগঠনের মধ্যে ব্যবহার করা যাবে।

স্কটিশ সেন্টার ফর হেলদি ওয়ার্কিং লাইভস্ (স্বাস্থ্যবান কর্মজীবনের জন্য স্কটিশ কেন্দ্র) (স্কটল্যান্ডস্ হেল্থ এট ওয়ার্কের সঙ্গে সম্মিলিত) আপনাকে পলিসি প্রস্তুত করত সাহায্য করতে পারে। আরও তথ্যের জন্যে আপনি 0800 019 2211 নম্বরে ন্যাশনাল হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন বা ওয়েবসাইট www.healthyworkinglives.com দেখতে পারেন।

ধূমপান-মুক্ত নীতি

উদ্দেশ্য

সমস্ত কর্মচারী, পরিষেবা ব্যবহারকারী, গ্রাহক এবং দর্শকদের সেকেন্ড হ্যান্ড ধূমপান থেকে রক্ষা করার জন্যে এবং স্মোকিং হেল্থ এন্ড সোশাল কেয়ার (স্কটল্যান্ড) অ্যাক্ট 2005 (Smoking, Health and Social Care (Scotland) Act 2005) মেনে চলতে সাহায্য করার জন্যে এই পলিসি প্রস্তুত করা হয়েছে।

সেকেন্ড হ্যান্ড ধূমপানের অর্থাৎ অন্য কারুর ধূমপানের ধোঁয়া প্রশ্বাসের সঙ্গে নিলে, যা প্যাসিভ স্মোকিং নামে পরিচিত, ফুসফুসের ক্যান্সার, হৃদরোগ এবং অন্যান্য অসুখ হবার সম্ভাবনা বেড়ে যায়। হাওয়া চলাচল ব্যবস্থার (ভেনটিলেশন) মাধ্যমে বা একই বাতাবরণে ধূমপায়ী এবং যারা ধূমপায়ী নয় তাদের আলাদা রাখলেও বিপদ সম্ভাবনাযুক্ত এই অরক্ষিত অবস্থা সম্পূর্ণভাবে এড়ানো যায় না।

পলিসি

এটা **[ব্যবসাসংস্থার নাম দিন]** এর পলিসি যে আমাদের কর্মস্থলগুলি ধূমপান মুক্ত এলাকা হবে এবং সমস্ত কর্মচারীদের ধূমপান মুক্ত পরিবেশে কাজ করার অধিকার থাকবে। পলিসি এই তারিখ **[তারিখ]** থেকে কার্যকরী হবে এবং এই তারিখে **[তারিখ]** ইনি/এঁরা **[নাম]** এর পুনরীক্ষণ করবেন।

কোনো ব্যতিক্রম না রেখে ধূমপান সারা কর্মস্থল জুড়ে নিষিদ্ধ করা হয়েছে। এই পলিসি সমস্ত কর্মচারী, পরামর্শদাতা, ঠিকাদার, গ্রাহক, সদস্য এবং দর্শকদের ক্ষেত্রে প্রযোজ্য।

[যদি বাইরের কোনো স্থান থাকে, যেখানে কর্মচারী ও গ্রাহকরা ধূমপান করতে পারবেন, সেটাও আইনমাফিক হতে হবে এবং এখানে তার রেখাচিত্র দেওয়া যেতে পারে]

প্রয়োগ

নীতি বা পলিসি কার্যে প্রয়োগ এবং তার পুনরীক্ষণের দায়িত্ব **[প্রাঙ্গণের ভারপ্রাপ্ত ম্যানেজার বা অন্য ব্যক্তির) নাম]** - এর উপর ন্যস্ত আছে। সমস্ত কর্মচারীরা পলিসি মেনে চলতে এবং পলিসি কার্যে প্রয়োগের জন্য সুবিধাদান করতে বাধ্য।

উপরোক্ত নামের ব্যক্তিটি বর্তমানের সমস্ত কর্মচারী, পরামর্শদাতা এবং ঠিকাদারদের পলিসির বিষয়ে জানাবেন এবং পলিসি কার্যে প্রয়োগের বিষয়ে এবং প্রয়োগের উপর সতর্ক দৃষ্টি রাখার জন্যে তাদের ভূমিকার কথা জানাবেন। লোকসংগ্রহের সময়ে/কর্মচারী যখন প্রথম পদে বহাল হচ্ছেন সেই সময়ে, নতুন কর্মচারীদের পলিসির একটা কপি দেওয়া হবে।

যথোপযুক্ত 'ধূমপান নিষেধ' চিহ্ন প্রাঙ্গণের প্রবেশ পথে এবং অভ্যন্তরে পরিষ্কারভাবে দেখানো থাকবে।

(পলিসি) না পালন করা

যদি কর্মচারীবৃন্দের কোনো একজন পলিসি না মেনে চলেন তাহলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। পৃষ্ঠা 12 -এ যে ব্যবস্থার কথা বলা হয়েছে তা গ্রহণ করা হবে যদি কোনো গ্রাহক, দর্শক বা যাত্রী পলিসি না মানেন। ধূমপান আইন যারা মানবেন না নির্দিষ্ট জরিমানা তাদের ওপর ধার্য করা হবে এবং তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করার সম্ভাবনাও থাকবে।

ধূমপান বন্ধ করতে সাহায্য করুন

যে সব ধূমপায়ী ধূমপান বন্ধ করতে চান তাদের সহায়তা করা হবে। **[এখানে স্থানীয় বিবরণ দিন]**

সহায়তার উৎস হলঃ স্মোকলাইন (Smokeline) 0800 848484, www.hebs.com/tobacco, আপনার স্থানীয় এনএইচএস বোর্ডের (NHS Board) পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট (জনস্বাস্থ্য বিভাগ) (Public Health Department) অথবা আপনার স্থানীয় GP সার্জারি। আপনার স্থানীয় ডাইরেক্টরিতে যোগাযোগের বিশদ তথ্য পাবেন।

পরিশিষ্ট A

স্মোকিং, হেল্থ এন্ড সোশাল কেয়ার (স্কটল্যান্ড) আইন 2005 (SMOKING, HEALTH AND SOCIAL CARE (SCOTLAND) ACT 2005)
প্রহিবিশন অফ স্মোকিং ইন সার্টেন প্রেমিসেস (স্কটল্যান্ড রেগুলেশন্স 2006) (কোনো কোনো নির্দিষ্ট প্রাঙ্গণে ধূমপানের ওপর নিষেধাজ্ঞা (স্কটল্যান্ড) বিধি 2006)] (PROHIBITION OF SMOKING IN CERTAIN PREMISES (SCOTLAND) REGULATIONS 2006)

স্মোকিং, হেল্থ এন্ড সোশাল কেয়ার (স্কটল্যান্ড) অ্যাক্ট 2005 (the Smoking, Health and Social Care (Scotland) Act 2005) - এর বিভাগ 1 কতগুলি সম্পূর্ণভাবে বেষ্টিত বা যথেষ্টভাবে বেষ্টিত এলাকায় ধূমপান করতে নিষেধ করে। এতে এই আইনের সঙ্গে সংশ্লিষ্ট অপরাধ কি, আইন না মানলে তার শাস্তি কি, ধূমপান নিষেধ নোটিস প্রদর্শনের আবশ্যকতা কি সে বিষয়ে এবং যথোপযুক্ত কাউন্সিলের অনুমোদিত অফিসারদের আইন প্রয়োগ করার জন্য ক্ষমতাদানের কথা বলা হয়েছে।

প্রহিবিশন অফ স্মোকিং ইন সার্টেন প্রেমিমেস (স্কটল্যান্ড) রেগুলেশন্স 2006 (Prohibition of Smoking in Certain Premises (Scotland) Regulations 2006), যেটা এই আইনের অধীনে করা হয়েছে তাতে সেইসব প্রাঙ্গণের কথা বলা হয়েছে যেগুলিতে ''ধূমপান নিষেধ'' এবং সেইসব প্রাঙ্গণ বা (প্রাঙ্গণের অংশ) যেগুলি আইনের আওতা থেকে রেহাই পেয়েছে, তার কথা বলা হয়েছে। এই রেগুলেশনে ধূমপান নিষেধ সংক্রান্ত নোটিস প্রদর্শনের আরও ব্যবস্থা সম্পর্কে বলা আছে।

স্কটিশ একজিকিউটিভের টোবাকো কনট্রোল টীমের সঙ্গে যোগাযোগ করে অথবা www.clearingtheairscotland.com ওয়েবসাইট থেকে এই আইন এবং রেগুলেশনের কপি পাওয়া যেতে পারে (পেছনের মলাটে যোগাযোগের বিশদ তথ্য আছে)।

ব্যবসাসংস্থা থেকে প্রায়ই জিজ্ঞাসিত প্রশ্ন এবং তার উত্তর ওয়েবসাইটে দেখতে পাওয়া যাবে এবং যদি আপনার প্রশ্ন সাইটে দেখতে না পান তাহলে ইমেল করে আরও তথ্য জেনে নিন।

কিছু কিছু প্রাসঙ্গিক সংজ্ঞা যা আইনে এবং রেগুলেশনে বলা হয়েছে, নীচে দেওয়া হল ঃ

'ধূমপান নিষেধ প্রাঙ্গণ' ('No smoking premises') – সেই প্রাঙ্গণ যেটা সম্পূর্ণভাবে বা যথেষ্টভাবে বেষ্টিত, এবং ধূমপান রেগুলেশনের (স্মোকিং রেগুলেশন্স) শিডিউল 1 -এ যার কথা বলা হয়েছে (পরিশিষ্ট B -তে তালিকাবদ্ধ) যা শিডিউল 2 -এর বলা যে কোনো রেহাইয়ের আওতায় পড়ার যোগ্য (পরিশিষ্ট C -তে তালিকাবদ্ধ)।

''ধূমপান নিষেধ প্রাঙ্গণ'' হিসেবে রেগুলেশনের আওতায় যেসব প্রাঙ্গণের সংজ্ঞা দেওয়া যেতে পারে, তাদের আইনের অধীনে 4 টি শ্রেণীর প্রাঙ্গণে সীমিত করা হয়েছে, যথা ঃ

- যে সব প্রাঙ্গণে জনসাধারণ বা জনসাধারণের একাংশ প্রবেশলাভ করতে পারে;
- যে সব প্রাঙ্গণ সম্পূর্ণভাবে বা মুখ্যতঃ কর্মস্থল হিসেবে ব্যবহৃত হচ্ছে;
- প্রাঙ্গণ যেগুলি ক্লাবের উদ্দেশ্যে ও সংঘবদ্ধ নয় এমন অন্যান্য সংস্থা দ্বারা ও তাদের উদ্দেশ্যে ব্যবহৃত হচ্ছে; অথবা
- যে সব প্রাঙ্গণ সম্পূর্ণভাবে বা প্রধানতঃ শিক্ষা বা স্বাস্থ্য বা পরিচর্যা পরিষেবা দেবার উদ্দেশ্যে ব্যবহৃত হচ্ছে।

'ধূমপান' মানে তামাক সেবন, যেকোনো পদার্থ বা মিশ্রণ যাতে তামাক আছে বা অন্যকোনো পদার্থ বা মিশ্রণ; এবং কোনো ব্যক্তি ধূমপান করছে মনে করা হবে যদি সে জ্বলন্ত তামাক ধরে বা সেটি তার কাছে থাকে, বা যেকোনো জ্বলন্ত পদার্থ বা জ্বলন্ত পদার্থের মিশ্রণ যাতে তামাক আছে বা অন্য যে কোনো জ্বলন্ত পদার্থ বা মিশ্রণ যেটা এমন আকারে বা এমন পাত্রে আছে যাতে ধূমপান করা যায়।

অইনের ধারা 4 (2) -এর উদ্দেশ্যে ঃ

(a) ''প্রাঙ্গণ'' -এর মধ্যে অন্তর্গত -
  (i) যে কোনো বিলডিং বা বিলডিং-এর অংশবিশেষ;
  (ii) যে কোনো কাঠামো বা কাঠামোর অংশবিশেষ, চলমান বা অন্যধরণের;
  (iii) স্থলে বা তীর হতে দূরবর্তী কোনো স্থানে যন্ত্র স্থাপনা কেন্দ্র;
  (iv) কোনো তাঁবু, বড় তাঁবু বা স্টল; এবং
  (v) যে কোনো গাড়ী।

(b) সম্পূর্ণভাবে 'বেষ্টিত' মানে -
  (i) গাড়ী বা গাড়ীর একাংশ নয়, সেই সব প্রাঙ্গণ যার ছাদ আছে, এবং দরজা, জানালা ও চলার পথ ছাড়া সম্পূর্ণভাবে বেষ্টিত, স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে; অথবা
  (ii) যে সব প্রাঙ্গণ বলতে বোঝায় গাড়ী বা গাড়ীর একাংশ, যার ছাদ আছে এবং দরজা, জানালা ও প্রবেশপথ ছাড়া সম্পূর্ণভাবে এবং স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে বেষ্টিত।

(c) ''পর্যাপ্তভাবে বেষ্টিত'' মানে -
  (i) সেই সব প্রাঙ্গণ যা গাড়ী বা গাড়ীর একাংশ নয়, যার ছাদ আছে, এবং দরজা, জানালা ও চলার পথ ছাড়া পর্যাপ্তভাবে বেষ্টিত, স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে; অথবা
  (ii) যেসব প্রাঙ্গণ বলতে বোঝায় গাড়ী বা গাড়ীর একাংশ, যার ছাদ আছে, দরজা জানালা ও নির্গমপথ ছাড়া পর্যাপ্তভাবে বেষ্টিত, স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে, এবং প্রাঙ্গণটি 'পর্যাপ্তভাবে বেষ্টিত' কি না তা স্থির করার জন্যে কোনো উন্মুক্ত স্থানকে বিবেচনা করা হবে না, যেখানে দরজা, জানালা বা অন্যান্য ফিটিং লাগানো আছে যেটা বন্ধ করা যায় বা খোলা যায়;

(d) প্রাঙ্গণটি 'পর্যাপ্তভাবে বেষ্টিত' বলে মনে করা হবে যদি -
  (i) প্রাঙ্গণের উন্মুক্ত স্থানটি একটি ক্ষেত্র হয়; অথবা
  (ii) এই উন্মুক্ত স্থান একাধিক হয়, উভয়ের বা সবকয়টির মোট ক্ষেত্র, বেষ্টিত দেওয়ালের মোট ক্ষেত্রের আকারের অর্দ্ধেকেরও কম, যার মধ্যে আছে কোনো কাঠামো যা দেওয়ালের কাজ করছে, যে দেওয়াল প্রাঙ্গণের পরিধি তৈরী করছে।

(e) যেখানে উন্মুক্ত স্থান আছে, বা এইরকম দেওয়াল বা কাঠামো বা তাদের একাংশ নেই, সেখানে অনুচ্ছেদ (d) -এর উদ্দেশ্যে তাদের ক্ষেত্রফল মাপা হবে, যেন এটা উন্মুক্ত স্থানের ক্ষেত্রফলের মধ্যে অন্তর্ভুক্ত; এবং

(f) ''প্রবেশযোগ্যতা আছে'' মানে টাকা দিয়ে বা অন্যভাবে প্রবেশযোগ্যতা এবং অধিকার বলে বা স্পষ্ট বা অব্যক্ত অনুমতিদানের ফলে প্রবেশযোগ্যতা।

যে সব প্রাঙ্গণকে রেহাই দেওয়া হয়েছে (পরিশিষ্ট C দেখুন), সেই সম্পর্কে রেগুলেশনেও নিম্নলিখিত সংজ্ঞা দেওয়া হয়েছে ঃ

'ডেসিগনেটেড রুম বা মনোনীত কামরা' মানে একটি কামরা -
  (a) যেটি, উল্লেখ্য ধূমপান করা যেতে পারে এমন একটি কামরা বলে ধূমপান নিষেধ প্রাঙ্গণের ভারপ্রাপ্ত ব্যক্তি দ্বারা মনোনীত হয়েছে;
  (b) এর ছাদ আছে এবং দরজা, জানালা ছাড়া, চারদিক থেকে মেঝে থেকে ছাদ পর্যন্ত শক্ত দেওয়াল দ্বারা সম্পূর্ণভাবে বেষ্টিত;
  (c) এর হাওয়া চলাচল ব্যবস্থা, ধূমপান নিষেধ প্রাঙ্গণের অন্য কোনো অংশে হাওয়া প্রবেশ করতে দেয় না (অন্য কোনো মনোনীত কামরা ছাড়া); এবং
  (d) এবং এটি ধূমপানের অনুমতিপ্রাপ্ত কামরা বলে পরিষ্কারভাবে চিহ্নিত থাকবে।

'ডেসিগনেটেড হোটেল বেডরুম' বা হোটেলের মনোনীত শোবার ঘর বলতে বোঝায় -
  (a) একটি ঘর যেটি ভ্রমণকারীর শোবার ব্যবস্থার জন্য আলাদা রাখা হয়েছে;
  (b) হোটেলের ভারপ্রাপ্ত ব্যক্তি বা ব্যবস্থাপক যে ঘরটিতে ধূমপান করার অনুমতি দিয়েছেন;
  (c) এর ছাদ থাকবে এবং দরজা এবং জানালা ছাড়া চারদিকে মেঝে থেকে ছাদ পর্যন্ত শক্ত দেওয়াল দ্বারা সম্পূর্ণভাবে বেষ্টিত থাকবে;
  (d) হাওয়া চলাচল ব্যবস্থা (ভেনটিলেশন), হোটেলের অন্য কোনো অংশে হাওয়া প্রবেশ করতে দেবে না (হোটেলের অন্য মনোনীত শোবার ঘর ছাড়া); এবং
  (e) ধূমপানের জন্য অনুমতিপ্রাপ্ত শোবার ঘর বলে পরিষ্কারভাবে চিহ্নিত থাকবে।

পরিশিষ্ট B

ধূমপান-নিষেধ প্রাঙ্গণ (রেগুলেশনর শিডিউল 1-এ যেমন তালিকাবদ্ধ আছে)

যেসব প্রাঙ্গণ আইনের আওতায় পড়ে, যেগুলিকে 'নো-স্মোকিং প্রেমিসেস বা ধূমপান -নিষেধ প্রাঙ্গণ' বলে শ্রেণীভুক্ত করা হয়েছে, তারা হ'ল ঃ

1. রেস্তোরাঁ
2. বার ও পাবলিক হাউস।
3. দোকান ও শপিং সেন্টার।
4. হোটেল।
5. লাইব্রেরী, আর্কিভ, মিউজিয়াম, গ্যালারী।
6. সিনেমা, কনসার্ট হল, থিয়েটার, বিংগো হল, খেলা এবং বিনোদনের অর্দ্ধগোলাকার ছাদযুক্ত পথ (আর্কেড), ক্যাসিনো, নাচঘর, ডিসকথিক এবং অন্যান্য প্রাঙ্গণ যা জনসাধারণ বিনোদনের জন্য ব্যবহার করে।
7. যে প্রাঙ্গণকে ব্রডকাস্টিং স্টুডিও বা ফিল্ম স্টুডিও বা কোনো ক্রিয়াকলাপের রেকর্ডিং হিসাবে ব্যবহার করা হয় যা কোনো প্রোগ্রাম বা ফিল্মের মাধ্যমে জনসাধারণকে প্রদর্শন করা হবে।
8. হল বা যে কোনো প্রাঙ্গণ যা জনসাধারণের সম্মেলনের জন্য সামাজিক বা মনোবিনোদনের উদ্দেশ্যে ব্যবহার করা হয়।
9. কনফারেন্স বা সম্মেলন সেন্টার, পাবলিক হল, প্রদর্শনী বা একজিবিশন হল।
10. জনসাধারণের ব্যবহারযোগ্য টয়লেট (প্রসাধন)।
11. ক্লাব প্রাঙ্গণ।
12. অফিস, কারখানা এবং অন্যান্য প্রাঙ্গণ যেটা পারিবারিক প্রাঙ্গণ নয় এবং যেখানে একাধিক ব্যক্তি কাজ করে।
13. তীর থেকে দূরবর্তী কোনো যন্ত্রস্থাপন কেন্দ্র।
14. শিক্ষা প্রতিষ্ঠানের প্রাঙ্গণ।
15. যে প্রাঙ্গণে পরিচর্যা পরিষেবা দেওয়া হয়, আশ্রয়গৃহ বা নিরাপদ বাসস্থান পরিষেবা দেওয়া হয় এবং যেসব প্রাঙ্গণ পারিবারিক নয় এবং যেখানে অপরাধীদের বাসস্থান পরিষেবা দেওয়া হয়।
16. হাসপাতাল, সন্ন্যাসী সম্প্রদায় কর্তৃক পরিচালিত অতিথিশালা, মানসিক রোগ হাসপাতাল, মানসিক রোগ ইউনিট এবং স্বাস্থ্যসেবা প্রাঙ্গণ।
17. ক্রেশ (Crèches), ডে নার্সারি, ডে সেন্টার এবং অন্যান্য প্রাঙ্গণ যেটা বাচ্চা অথবা প্রাপ্তবয়স্কদের দিনের বেলার পরিচর্যা বা দেখাশুনোর জন্য ব্যবহৃত হয়।
18. যেসব প্রাঙ্গণ, জনসাধারণের পূজা বা উপাসনার জন্যে বা ধর্মীয় নির্দেশাবলী দেবার জন্যে বা কোনো ধর্মীয় সংগঠনের সামাজিক ও বিনোদনের ক্রিয়াকলাপের জন্য বা এর সঙ্গে সম্বন্ধিত কোনো কারণে ব্যবহৃত হয়।
19. ক্রীড়া কেন্দ্র।
20. এয়ারপোর্ট প্যাসেনজার টার্মিনাল (বিমানবন্দর যাত্রী টার্মিনাল) এবং অন্য যে কোনো জন পরিবহন সুবিধা।
21. জনপরিবহনের যানবাহন।
22. যানবাহন যেটি একজন বা একাধিক ব্যক্তি কাজের উদ্দেশ্যে ব্যবহার করে।
23. সর্বসাধারণের ব্যবহারের নিমিত্ত টেলিফোন ঘর (kiosks)।

পরিশিষ্ট C

রেহাই (রেগুলেশনের শিডিউল 2 -এ যেমন তালিকাবদ্ধ আছে।

প্রাঙ্গণ (বা প্রাঙ্গণের একাংশ) যা আইনের আওতাধীন নয়, তা হলঃ

1. বাসস্থান।
2. অ্যাডাল্ট কেয়ার হোমে (প্রাপ্তবয়স্ক পরিচর্যা গৃহে) মনোনীত কামরা।
3. অ্যাডাল্ট হসপিস (সন্ন্যাসী সম্প্রদায় কর্তৃক পরিচালিত প্রাপ্তবয়স্কদের অতিথিশালা)।
4. মানসিক রোগের হাসপাতাল বা মানসিক রোগের ইউনিটে মনোনীত কামরা।
5. হোটেলের মনোনীত শোবার ঘর।
6. আটক রাখার বা সাক্ষাৎকার নেবার কামরা যেগুলি মনোনীত কামরা।
7. তীর থেকে দূরবর্তী যন্ত্রস্থাপন কেন্দ্রে মনোনীত কামরা।
8. ব্যক্তিগত গাড়ী।

অনুরোধ করলে নীচের

ঠিকানায় এই ডকুমেন্টের বিকল্প

আকার বা গোষ্ঠীগত ভাষায় রূপান্তর পাওয়া যাবে।

Scottish Executive Health Department, (স্কটিশ একজিকিউটিভ হেল্থ ডিপার্টমেন্ট)

Tobacco Control Division, (টোবাকো কনট্রোল ডিভিশন)

St Andrew's House,
Edinburgh EH1 3DG

ফোন ঃ 0131 244 5660

ফ্যাক্স ঃ 0131 244 2606

ওয়েবসাইট ঃ www.clearingtheairscotland.com

ইমেল ঃe-mail: info@clearingtheairscotland.com

এই ডকুমেন্টটি মূল ডকুমেন্টের নির্ভুল বর্ণনা বলে মনে করা হয়

(Bengali)